

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৮.১৬.০০২.১৮.৫১৯

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: জনাব অনন্যা বিশ্বাস দোলা এর চাকরির ধারাবাহিকতাসহ বেতন সংরক্ষণ।

সূত্র: স্মারক নম্বর- ১৫.০০.০০০০.০২১.১৮.৫৭৫.২১, তারিখ: ১৯ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জনাব অনন্যা বিশ্বাস দোলা, সহকারি বার্তা নিয়ন্ত্রক, মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা এর চাকরিকাল গণনা ও বেতন সংরক্ষণ এবং অন্যান্য আর্থিক সুবিধা প্রাপ্তির নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেছেন। তাঁর আবেদনে উল্লেখ করা হয়েছে যে, বি.সি.এস. (তথ্য) ক্যাডারে যোগদানের পূর্বে তিনি বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রভাষক (ইংরেজি) পদে যোগদান করেন। তাঁর পূর্বের চাকরির ধারাবাহিতা এবং বেতন সংরক্ষণের বিষয়টি বিবেচনার জন্য নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- পূর্বের পদের মোট চাকরি কাল;
- উক্ত ক্যাডারে চাকরিকালীন কোন কর্মবিরতি ছিল কিনা;
- চাকরিকালীন কখনো বরখাস্ত/সাময়িক বরখাস্ত ছিলেন কিনা;
- চাকরিকালীন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন কিনা;
- চাকরিকালীন সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক কোন অভিযোগ ছিল কিনা;
- উক্ত চাকরি রাজস্বখাতভুক্ত ছিল কিনা।

১৩-৯-২০২১

জাকিয়া খানম

যুগ্মসচিব

মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৮.১৬.০০২.১৮.৫১৯/১(২)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) জনাব অনন্যা বিশ্বাস দোলা, সহকারি বার্তা নিয়ন্ত্রক, মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।

১৩-৯-২০২১

জাকিয়া খানম

যুগ্মসচিব